



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেডপিপলস ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ জুলাই ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

খাগড়াছড়ির আলুটিলায় ইউপিডিএফ সদস্যকে গুলি করে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর খাগড়াছড়ির জেলা ইউনিটের ভারপ্রাপ্ত প্রধান সংগঠক উজ্জ্বল স্মৃতি চাকমা আজ ১২ জুলাই ২০১৮, বৃহস্পতিবার সংবাদ মাধ্যমে প্রেরিত এক বিবৃতিতে আলুটিলায় সেনা মদদপুষ্ট সংস্কারবাদী জেএসএস-এর সশস্ত্র দুর্বৃত্ত কর্তৃক ইউপিডিএফ'র এক সদস্যকে গুলি করে হত্যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি ঘটনার বর্ণনা দিয়ে বলেন, আজ বিকাল ৫টার দিকে খাগড়াছড়ি সদরের তেঁতুলতলা থেকে দুইটি মোটরসাইকেল যোগে সংস্কারবাদী জেএসএস-এর ৬জন সশস্ত্র দুর্বৃত্ত আলুটিলার এলজিইডি বাগান এলাকায় গিয়ে ইউপিডিএফ সদস্য জ্ঞানেন্দু চাকমা(৪০)-কে গুলি করে হত্যা করে। এ সময় তিনি এক সঙ্গীসহ এলাকার লোকজনের সাথে কথা বলছিলেন।

নিহত ইউপিডিএফ সদস্যের বাড়ি মহালছড়ি উপজেলার কিয়াংঘট ইউনিয়নের যাদুগানালা গ্রামে। তার পিতার নাম মৃত কালি মোহন চাকমা।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা বলেন, সংস্কারবাদী জেএসএস-এর একটি অংশ (পেলে-সুদর্শন-অংশুমান চক্র) শাসকগোষ্ঠীর নীলনক্ষা বাস্তবায়ন করছে। সেনা-প্রশাসনের প্রত্যক্ষ মদদে একের পর এক হত্যাযজ্ঞে মেতে উঠেছে। এর আগেও ৩ জানুয়ারি একই কায়দায় শহরের প্রাণকেন্দ্র থেকে ইউপিডিএফ'র অন্যতম সংগঠক মিঠুন চাকমাকে অপহরণের পর খুন এবং ১৬ এপ্রিল সমাজকর্মী সূর্য বিকাশ চাকমাকে নির্মমভাবে গুলি করে হত্যা করা হয়েছে।

তিনি অবিলম্বে ইউপিডিএফ সদস্যের হত্যাকারী ও তাদের নির্দেশদাতাদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।